

Readout by the Official Spokesperson on the India-China LAC Issue (24 September 2020)

September 24, 2020

ভারত-চিন প্রকৃত নিয়ন্ত্রণ রেখা বিষয়ে সরকারি মুখপাত্রের জোরালো বক্তব্য (24 সেপ্টেম্বর 2020)

সেপ্টেম্বর 24, 2020

আপনারা জানেন যে, ভারত এবং চিনের বরিষ্ঠ কমান্ডারদের ষষ্ঠ বৈঠক মন্ডোতে 21 শে সেপ্টেম্বর 2020 তারিখে অনুষ্ঠিত হয়েছিল।

ভারত এবং চিনের সুরক্ষামন্ত্রীদের মস্কোতে 4 সেপ্টেম্বরের বৈঠকের এবং 10ই সেপ্টেম্বরের দুই বিদেশমন্ত্রীদের বৈঠকের পটভূমিতে এই বৈঠক অনুষ্ঠিত হয়েছিল। দুই বিদেশমন্ত্রী সহমত হয়েছিলেন যে, উভয় পক্ষের উচিত আলোচনা চালিয়ে যাওয়া এবং সকল বিবাদস্থলে দ্রুত ও ব্যাপকভাবে সৈন্য সমাবেশ বন্ধ করা।

বরিষ্ঠ কমান্ডাররা প্রায় 50 দিন বাদে মিলিত হয়েছেন।

বৈঠকের পরে উভয়পক্ষ একটি যৌথ প্রেস বিবৃতি দিয়েছেন সেটা আপনারা ইতিমধ্যে দেখে থাকবেন।

আমি রেখাপাত করতে চাইছি যে, যেকোন বরিষ্ঠ কমান্ডারদের বৈঠকের এইটি প্রথম যৌথ প্রেস বিবৃতি। প্রকৃত অর্থে এটি প্রতিফলিত করে যে, উভয়পক্ষ প্রকৃত নিয়ন্ত্রণ রেখা থেকে সৈন্য সমাবেশকে সরিয়ে আনতে অঙ্গীকারবদ্ধ। আমরা আগেই উল্লেখ করেছি যে, সৈন্য সমাবেশ সরিয়ে আনা একটি জটিল পদ্ধতি যার জন্য উভয়পক্ষের পুনরায় প্রকৃত নিয়ন্ত্রণ রেখা বরাবর তাদের নিজ নিজ নিয়মিত সেনা চৌকিতে সৈন্য প্রেরণ করার দরকার। এর জন্য সহমতের ভিত্তিতে পারস্পরিক কার্যের প্রয়োজন হবে। এমনকি যদিও দুই পক্ষ সকল বিবাদস্থল থেকে সম্পূর্ণ সৈন্য সরিয়ে নেবার লক্ষ্যে কাজ করলেও, একই সঙ্গে ভূখন্ডে স্থিরতা সুনিশ্চিত করাও দরকার। সর্বশেষ বরিষ্ঠ কমান্ডারদের বৈঠকে এই সকল বিষয় প্রত্যক্ষ করা উচিত।

ষষ্ঠ বৈঠক বরিষ্ঠ কমান্ডারদের প্রকৃত নিয়ন্ত্রণ রেখা বরাবর পরিস্থিতিকে স্থিতিশীল করার জন্য অকপট এবং গভীর আলোচনা বিনিময়ের সুযোগ করে দিয়েছে। দুই পক্ষ সিদ্ধান্ত নিয়েছে যে আবার যেকোন রকমের ভুলবোঝাবুঝি এবং ভুল সিদ্ধান্তকে এড়াবার জন্য, সীমান্তে আরো সৈন্য বাহিনী পাঠানো বন্ধ করা, একতরফাভাবে স্থলভাগের আবহ পরিবর্তন করা থেকে বিরত থাকা এবং পরিস্থিতিকে জটিল করে তুলতে পারে এইরকমের কোন পদক্ষেপ নেওয়া কে এড়াবার জন্য স্থলভাগের যোগাযোগ ব্যবস্থাকে মজবুত করতে হবে।

স্থিতাবস্থাকে পরিবর্তন করার একতরফা প্রচেষ্টা থেকে বিরত থাকতে হবে। সকল বিবাদস্থল থেকে সৈন্যসমাবেশকে সম্পূর্ণ সরিয়ে আনার জন্য এবং সীমান্ত এলাকায় শান্তি ও সুস্থিতি সম্পূর্ণরূপে ফিরিয়ে আনাকে নিশ্চিত করার জন্য দুই পক্ষ তাদের আলোচনা চালিয়ে যাবে।

এই উপলক্ষে, দুইপক্ষ সিদ্ধান্ত নিয়েছে যে,যত শীঘ্র সম্ভব বরিষ্ঠ কমান্ডারদের বৈঠক অনুষ্ঠিত হবে। সমান্তরালভাবে, ডবলিউএমসিসি(WMCC)-র পরবর্তী বৈঠকও দ্রুত অনুষ্ঠিত হবে আশাকরা যাচ্ছে ।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 24, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.